ডকুমেন্টেশন
কেন্দ্র

দৈনিক ইত্তেফাক

তারিখ 04 DEC 1995
পৃষ্ঠা কলাম ৩

# ১১টি শিক্ষা প্রতিষ্ঠানকে প্রধানমন্ত্রীর বাস প্রদান

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল (রবিবার) দেশের ১১টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ১২টি বাস, মিনিবাস ও মাইক্রোবাস বিতরণ করিয়াছেন। প্রধানমন্ত্রী তাহার কার্যালয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানদের মধ্যে বাসের চাবি হস্তান্তর করেন। শিক্ষা প্রতিষ্ঠানগুলি হইল: কৃষি বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, চারুকলা ইনষ্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ন্যাশনাল মেডিকেল কলেজ, ঢাকা, জিয়া মহিলা কলেজ, ফেনী, ইনষ্টিটিউট অফ পোষ্ট গ্রাজুয়েট ষ্টাডিজইন এগ্রিকালচার, গাজীপুর, ইস্পাহানী পাবলিক স্কুল এণ্ড কলেজ, কুমিল্লা, রাইফেল পাবলিক স্কুল এণ্ড কলেজ, বিডিআর, ঢাকা, ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজ এবং নট্রামস, বগুড়া। শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ, যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী সাদেক হোসেন, ডাকসু ভিপি আমানুল্লাহ আমান, ডাকসু এজিএস নাজিমউদ্দিন আলম এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ছাত্র নেতৃবৃন্দ সেসময় উপস্থিত ছিলেন।